সোনালী ব্যাংক পিএলসি
ইনফরমেশন টেকনোলজি ডিভিশন
(আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট)
প্রধান কার্যালয়, ঢাকা।

নিলাম বিজ্ঞপ্তি নং- আইটিডি(আইটিএসএম)/নিলাম-২০২৪/০১

# নিলাম বিজ্ঞপ্তি

কাজের নাম ঃ সোনালী ব্যাংক পিএলসি. প্রধান কার্যালয়স্থ ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) এর হার্ডওয়্যার ট্রাবল স্যুটিং ইউনিট এ বিভিন্ন সময়ে প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন, স্থানীয় কার্যালয় এবং সোনালী ব্যাংক স্টাফ কলেজ থেকে আগত ও ডিভিশনের স্টোর রূমে রক্ষিত অকেজো/অকার্যকর ৮২ টি সিপিইউ (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া), ০৬টি টাওয়ার সার্ভার (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া), ২৩ টি র‍্যাক সার্ভার (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া), ২৭ টি লেজার প্রিন্টার, ৯৬টি মনিটর (এলসিডি মনিটর-৯৪টি, সিআরটি মনিটর-০২টি), ১৩২ টি অফলাইন ইউপিএস (ব্যাটারি সহ-৭২ টি, ব্যাটারি ছাড়া-৬০টি), ৬ টি অনলাইন ইউপিএস(ব্যাটারি সহ-০২ টি, ব্যাটারি ছাড়া-০৪টি), ১৮টি স্ক্যানার , ০২ টি ফ্যাক্স মেশিন, ০৫ টি প্রজেক্টর, ০৪ টি ডিভিআর (হার্ডডিস্ক ছাড়া), ০১টি নেটওয়ার্ক ভিডিও রেকর্ডার, ০১ টি ইথারনেট নেটওয়ার্ক সুইচ, ০১ টি মিটিং অ্যামপ্লিফায়ার, ২১ টি ল্যাপটপ (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া), ০১ টি ভোল্টেজ স্টাবিলাইজার, ০৭ (সাত) বস্তা (অকেজো/অকার্যকর, পুরাতন, মেরামত ও ব্যবহার অযোগ্য) কম্পিউটার সামগ্রী এবং DR Site এ সংরক্ষিত ০২ টি অনলাইন ইউপিএস (20 KVA), ৬০ টি ইউপিএস ব্যাটারি ব্যাংক (12V, 150 Ah), ০১ টি Auto Fire Detection and Fire Fighting System (Pipe, Detector, Nozzle etc.), ০২ টি গ্যাস সিলিন্ডার (40.2L, 26.8L), Raised Floor (Solid Panel, Perforated Panel, Pedestal, etc.)-350 sft (Approx.), ০২ টি 600mmX1000mm RAC, ০১ টি 800mmX1000mm RAC এবং Glass Partition-200 sft (Approx.); DC Site এ সংরক্ষিত ০২ টি অনলাইন ইউপিএস (20 KVA), ০১ টি Outdoor Fan of Precision type Air Cooler ইনফরমেশন টেকনোলজি ডিভিশন(আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) এর মাধ্যমে নিলামে বিক্রয় (যা যে অবস্থায় যেমন আছে শর্তে)।

দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্যের জন্য সোনালী ব্যাংক পিএলসি এর ওয়েব সাইট :
www.sonalibank.com.bd এর Tender board দেখুন।
(www.sonalibank.com.bd/tender.php)

যোগাযোগ ঃ ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
ফোন ঃ ০২২২৩৩৮৮১২৬, ৩১৭১ (পিএবিএক্স)
মোবাইল ঃ ০১৯৫৮০৬৩৯১৬

23.04.2024

ডেপুটি জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক পিএলসি
ইনফরমেশন টেকনোলজি ডিভিশন
(আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট)
প্রধান কার্যালয়, ঢাকা।

নিলাম বিজ্ঞপ্তি নং- আইটিডি(আইটিএসএম)/নিলাম-২০২৪/০১ মূল্য: ৭০০.০০

## নিলাম দরপত্র ডকুমেন্ট

সোনালী ব্যাংক পিএলসি. প্রধান কার্যালয়স্থ ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) এর হার্ডওয়্যার ট্রাবল স্যুটিং ইউনিট এ বিভিন্ন সময়ে আগত ও ডিভিশনের ষ্টোর রুমে দীর্ঘদিন যাবৎ রক্ষিত অকেজো/অকার্যকর, অধিক পুরাতন, ব্যবহার ও মেরামত অযোগ্য কম্পিউটার সামগ্রী ও ব্যাংকের Disaster Recovery (DR) Site ও Data Center(DC) এর অব্যবহৃত ও পুরাতন মালামাল সমূহ নিলামে বিক্রয় প্রসঙ্গে।

প্রতিষ্ঠানের নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..
ঠিকানা ঃ-............................................................................................................................. ... ... ...
... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
পে-অর্ডার/ডিডি নং-----------------------তারিখঃ----------------ইস্যুকারী ব্যাংকঃ-----------------------------

***দর প্রস্তাব***

| ক্রঃনং | ডিভাইসের নাম | ডিভাইস সংখ্যা | ইউনিট মূল্য | মোট মূল্য (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) |
|---|---|---|---|---|
| ১ | সিপিইউ (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া) | ৮২ | | |
| ২ | টাওয়ার সার্ভার (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া) | ৬ | | |
| ৩ | র‍্যাক সার্ভার (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া) | ২৩ | | |
| ৪ | লেজার প্রিন্টার | ২৭ | | |
| ৫ | এলসিডি মনিটর | ৯৪ | | |
| ৬ | সি.আর.টি মনিটর | ০২ | | |
| ৭ | অফলাইন ইউপিএস (ব্যাটারী সহ) | ৭২ | | |
| ৮ | অফলাইন ইউপিএস (ব্যাটারী ছাড়া) | ৬০ | | |
| ৯ | অনলাইন ইউপিএস (ব্যাটারী সহ) | ০২ | | |
| ১০ | অনলাইন ইউপিএস (ব্যাটারী ছাড়া) | ০৪ | | |
| ১১ | স্ক্যানার | ১৮ | | |
| ১২ | ফ্যাক্স মেশিন | ০২ | | |
| ১৩ | প্রজেক্টর | ০৫ | | |
| ১৪ | ডিভিআর (র্হাডডস্কি ছাড়া) | ০৪ | | |
| ১৫ | Netwrok Video Recorder | ০১ | | |
| ১৬ | Ethernet Network Switch | ০১ | | |
| ১৭ | Meeting Amplifier | ০১ | | |
| ১৮ | ল্যাপটপ (হার্ডডিস্ক ও র‍্যাম ছাড়া) | ২১ | | |
| ১৯ | Voltage Stabilizer | ০১ | | |
| ২০ | ০৭ (সাত) বস্তা (অকেজো/অকার্যকর,মেরামত ও ব্যবহার অযোগ্য কম্পিউটার সামগ্রী ) | ০৭ | | |
| ২১ | 20 KVA Online UPS | ০২ | | |
| ২২ | UPS Battery Bank (12V, 150Ah) | ৬০ | | |

চলমান পাতা-২

সোনালী ব্যাংক পিএলসি
ইনফরমেশন টেকনোলজি ডিভিশন
(আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট)
প্রধান কার্যালয়, ঢাকা।



| ক্রঃনং | ডিভাইসের নাম | ডিভাইস সংখ্যা | ইউনিট মূল্য | মোট মূল্য (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) |
|---|---|---|---|---|
| ২৩ | Auto Fire Ditection and Fire Fighting System (Pipe, Ditector, Nozzle etc.) | ০১ | | |
| ২৪ | Gas Cylinder (40.2L, 26.8L) | ০২ | | |
| ২৫ | Raised Floor (Solid Panel, Perforated Panel, Pedestal etc.) | 350 sft (Approx.) | | |
| ২৬ | RAC(600mmX1000mm) | ০২ | | |
| ২৭ | RAC (800mmX1000mm) | ০১ | | |
| ২৮ | Glass Partition | 200 sft (Approx.) | | |
| ২৯ | 20 KVA Online UPS | ০২ | | |
| ৩০ | Outdoor Fan of Precision Typer Air Cooler | ০১ | | |
| | | | | |
| | | | | |

দরপত্র গ্রহীতার স্বাক্ষর (সীল ও ঠিকানা)

সোনালী ব্যাংক পিএলসি

চলমান পাতা-৩

## দরপত্রের শর্তাবলী

০১. দরপত্র সীল গালা অবস্থায় আগামী ২০-০৫-২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানজেমন্ট) ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার মহোদয়ের কক্ষে (৭ম তলা) রাখা বাক্সে ফেলতে হবে। দরপত্র খামের উপর "সোনালী ব্যাংক পিএলসি এর প্রধান কাযালয়স্থ অকেজো/অকার্যকর ও মেরামত অযোগ্য কম্পিউটার সামগ্রী" কথাটি লিখতে হবে। দরপত্র কুরিয়ার সার্ভির্সের মাধ্যমে এবং নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানজেমন্ট) বরাবর প্রেরণ করা যাবে । দরপত্র ঐ দিনই বিকাল ৪.৩০ ঘটিকার সময় নিলাম কমিটির সদস্যবৃন্দ এবং উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ থাকেন) খোলা হবে।

০২. দরপত্র ব্যাংক কর্তৃক প্রণীত সিডিউলেই জমা দিতে হবে ।

০৩. কেবল মাত্র ১টি দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে । দশমিকের পর দুই ঘর পর্যন্ত প্রদর্শন করা যাবে।

০৪. দরপত্রে কোন প্রকার কাটা-কাটি, ঘষা-মাজা থাকলে অথবা ত্রুটিযুক্ত দরপত্র দাখিল করলে উহা বাতিল বলে গণ্য হবে।

০৫. ২০-০৫-২০২৪ ইং তারিখ বিকাল ৪.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে সোনালী ব্যাংক পিএলসি প্রধান কার্যালয়, আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানজেমন্ট) ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার এর কক্ষে (যদি দরদাতাদের কেহ উপস্থিত থাকেন) নিলাম দরপত্র খোলা হবে।

০৬. অনিবার্য কারনবশতঃ নির্ধারিত সময় ও তারিখে দরপত্র গ্রহন এবং খোলা সম্ভব না হলে পরবর্তী কর্মদিবসে নির্ধারিত স্থানে ও সময়ে দরপত্র গ্রহন ও খোলা যাবে। এ বিষয়ে আলাদা কোন নোটিশ প্রদান করা হবে না।

০৭. দরপত্রসমূহ দাখিলের তারিখ হতে পরবর্তী ৯০(নব্বই) দিন পর্যন্ত বৈধ থাকবে এবং দরপত্রে উদ্ধৃত দর বৈধ থাকবে।

০৮. কোন শর্ত সাপেক্ষে দরপত্র গ্রহন করা যাবে না এবং দরপত্র সংক্রান্ত কোন তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে।

০৯. কোন প্রকার কারন দর্শানো ব্যাতিরেকেই সকল নিলাম দরপত্র বাতিল অথবা যে কোনো নিলাম দরপত্র আংশিক বা সম্পূর্ণভাবে পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০. আগ্রহী দরদাতাগণ নিলামতব্য মালামাল সমূহ আগামী ২০-০৫-২০২৪ ইং তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত এ ডিভিশনে যোগাযোগপূর্বক প্রস্তাবিত নিলামের জন্য নির্ধারিত মালামাল পরিদর্শন করতে পারবেন (যদি কেহ দেখতে চান)।

১১. কৃতকার্য দরদাতাকে বিক্রয়াদেশ প্রদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে উল্লেখিত পুরাতন মালামাল ক্রয়ের জন্য দরপত্রে উদ্ধৃত সমুদয় মূল্য ও নির্ধারিত হারে ভ্যাট, উৎসে কর আলাদা আলাদাভাবে জমাদানপূর্বক নিলামে বিক্রয়কৃত মালামাল সরবারহ নিতে হবে।

১২. যে দরদাতা প্রতিষ্ঠান বিক্রয়াদেশ প্রাপ্ত হবেন তাদেরকে সিডিউলে উল্লিখিত ব্যাটারী রাষ্ট্রবিরোধী বা অন্য কোন অবৈধ কাজে ব্যবহার করা হবে না মর্মে ৩০০/- টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা জমা দিতে হবে।

১৩. নিলামে বিক্রয়কৃত সম্পূর্ণ মালামাল সরবারহ নেয়ার পর জামানত ফেরত প্রদান করা হবে।

১৪. আগামী ২৯-০৪-২০২৪ ইং তারিখ হতে প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র দলিলের মূল্য বাবদ ৭০০/- (সাত শত) টাকা নগদ প্রদান করে দরপত্র দলিল সংগ্রহ করতে হবে। ক্রয়কৃত দরপত্র দলিল ইনফরমেশন টেকনোলোজি ডিভিশন (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) এর টেন্ডার বক্সে ২০-০৫-২০২৪ ইং তারিখ পর্যন্ত বিকাল ৪.০০ ঘটিকার পূর্বে জমা করা যাবে।

১৫. আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) ডিভিশনে নির্ধারিত বক্সে দর প্রস্তাব দাখিল করা যাবে।

১৬. নিলাম দরপত্র যথাযথ ভাবে পূরণ করে প্রতি পৃষ্ঠায় সিল সহকারে মূল মালিক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি স্বাক্ষর করার পর পূরণকৃত নিলাম দরপত্র আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) ডিভিশনে নির্ধারিত বক্সে দর প্রস্তাব দাখিল করা যাবে।

চলমান পাতা-৪

সোনালী ব্যাংক পিএলসি
ইনফরমেশন টেকনোলজি ডিভিশন
(আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট)
প্রধান কার্যালয়, ঢাকা।



১৭. নিলাম অংশগ্রহনকারী দরদাতাগণকে আর্নেস্টমানি হিসাবে নিলাম দরপত্রের সাথে অগ্রাধিকার ভিত্তিতে সোনালী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট), সোনালী ব্যাংক পিএলসি প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মূল কপি নিজস্ব লেটার হেডে ফরওয়ার্ডিংসহ নিলাম দরপত্রের সাথে ২০-০৫-০২৪ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পূর্বে দাখিল করতে হবে। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পরিপালন শেষে কৃতকার্য দরদাতা ছাড়া অন্যান্যদের আর্নেস্টমানি ফেরত দেয়া হবে।

১৮. নিলাম দরপত্রের উদ্ধৃত মূল্য ব্যাংক কর্তৃক গ্রহনযোগ্য হলে কার্যাদেশ জারীর ০৭(সাত) কর্মদিবস মধ্যে সরকারি নিয়ম অনুযায়ী সরকারী কোষাগারে উৎসকর হিসাবে অনুমোদিত নিলাম মূল্যের উপর অতিরিক্ত ১০% অগ্রিম আয়কর ও ৭.৫% অগ্রীম ভ্যাট প্রদান/জমা করে চালান কপি এই বিভাগে আলাদা আলাদাভাবে জমা দিতে হবে এবং আর্নেস্টমানি বাদ দিয়ে অবশিষ্ট সমূদয় অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্টের মাধ্যমে পরিশোধ করতঃ কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে নিলাম গ্রহীতার নিজ দায়িত্বে সম্পূর্ণ মালামাল সরবারহ নিতে হবে। সম্পূর্ণ পাওনা নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে নিলাম দরপত্রের সাথে দাখিলকৃত আর্নেস্টমানি বাজেয়াপ্ত হিসাবে গণ্য হবে।

১৯. অন্যান্য শর্তাবলীঃ

ক. নিলাম দরপত্র প্রতিষ্ঠানের প্যাডে ফরওয়ার্ডিং এর মাধ্যমে আইটিডি (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) এর টেন্ডার বক্সে জমা করতে হবে।

খ. নিলাম দরপত্রের প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের সীল সহকারে মূল মালিক/বৈধ প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে।

গ. প্রকৃত গণনায় মালামালের সংখ্যা বেশী হলে গুদামে জমা থাকবে। কোনোভাবেই নিলাম দরপত্রের উল্লিখিত মালামালের অতিরিক্ত কোন মালামাল সরবারহ নেয়া যাবে না।

ঘ. নিলাম বিক্রির দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণের উপস্থিতিতে নিলাম গ্রহণকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে মালামাল সমূহ গণনা করে, যে অবস্থায় যেখানে আছে শর্তে সরবারহ নিতে হবে। সরবারহ নেওয়ার সময় কোন অবস্থাতেই দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

ঙ. দরপত্র খোলার দিন সরকারী বন্ধ ঘোষিত হলে পরবর্তী অফিস খোলার দিন দরপত্র উন্মুক্ত করা যাবে।

চ. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই সকল নিলাম দরপত্র বাতিল অথবা যে কোন নিলাম দরপত্র আংশিক বা সম্পূর্ণভাবে পরিবর্তন/ পরিবর্ধন করার ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২৩.০৫.২০২৪
(শামীমা নূর)
ডেপুটি জেনারেল ম্যানেজার